# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৫

১/ বিবিধ

আরবী

من بنى بناء فوق ما يكفيه كلف يوم القيامة بحمله على عاتقه
باطل

أخرجه الطبراني (3 / 71 / 2) وابن عدي (333 / 1 ـ 2) وأبو نعيم (8 / 246) من طريق المسيب بن واضح حدثنا يوسف عن سفيان الثوري عن سلمة بن كهيل عن أبي عبيدة عن عبد الله بن مسعود مرفوعا، وقال أبو نعيم وابن عدي: غريب من حديث الثوري تفرد به المسيب عن يوسف، ثم رواه أبو نعيم (8 / 252) من طريق محمد يعني ابن المسيب حدثنا عبد الله بن خبيق حدثنا يوسف بن أسباط به
قلت: وهذا سند ضعيف من أجل يوسف بن أسباط قال أبو حاتم: كان رجلا عابدا، دفن كتبه، وهو يغلط كثيرا، وهو رجل صالح، لا يحتج به، كما في " الجرح " (4 / 2 / 418) ، والحديث أورده السيوطي في " الجامع " والهيثمي في " المجمع " (4 / 70) وقال: رواه الطبراني في " الكبير "، وفيه المسيب بن واضح وثقه النسائي وضعفه جماعة
قلت: قد تابعه عبد الله بن خبيق كما سبق، فعلة الحديث من شيخهما ابن أسباط، ثم إن له علة أخرى هي الانقطاع بين أبي عبيدة وأبيه عبد الله بن مسعود فإنه لم يسمع منه وأشار لهذا الحافظ العراقي فقال في " تخريج الإحياء " (4 / 204)
رواه الطبراني من حديث ابن مسعود بإسناد فيه لين وانقطاع، والحديث قال الذهبي في ترجمة المسيب: وهذا حديث منكر، وقال ابن أبي حاتم في " العلل " (2 / 115

و116) : سألت أبي عن حديث رواه المسيب بن واضح عن يوسف بن أسباط..
قلت: فذكره، قال: قال أبي: هذا حديث باطل لا أصل له بهذا الإسناد

বাংলা

১৭৫। যে ব্যাক্তি তার জন্য যে পরিমাণ যথেষ্ট তার চেয়ে উঁচু করে ইমারত তৈরি করবে, কিয়ামতের দিন তার কাঁধে তা বহন করার দ্বারা তাকে কষ্ট দেয়া হবে।

হাদীসটি বাতিল।

এটিকে তাবারানী (৩/৭১/২), ইবনু আদী (৩৩৩/১-২) ও আবু নু'য়াইম (৮/২৪৬) মুসাইয়্যাব ইবনু ওয়াযিহ সূত্রে তার শাইখ ইউসুফ ইবনু আসবাত হতে ... বর্ণনা করেছেন।

আবু নু'য়াইম ও ইবনু আদী বলেনঃ সাওরী হতে হাদীসটি গারীব। এটিকে মুসাইয়্যাব ইউসুফ হতে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি ইউসুফের কারণে দুর্বল। তার সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি একজন আবেদ ব্যক্তি ছিলেন। তার গ্রন্থগুলো দাফন করে দিয়েছিলেন। তিনি বহু ভুল করতেন। তবে তিনি ব্যক্তি হিসাবে সৎ ছিলেন। কিন্তু তার হাদীস দলীল হিসাবে গ্রহণীয় নয়, যেমনভাবে "আল-জারহু..." গ্রন্থে (৪/২/৪১৮) এসেছে।

হাদীসটিকে সুয়ূতী "জামেউস সাগীর" গ্রন্থে ও হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (৪/৭০) উল্লেখ করেছেন। হাদীসটি কোন সনদেই সহীহ নয়। এটির আরেকটি সমস্যা রয়েছে তা হচ্ছে সনদে আবু ওবায়দা ও তার পিতা আব্দুল্লাহ ইবনু মাসউদের মধ্যে বিচ্ছিন্নতা। কারণ আবু ওবায়দা ইবনু মাসউদ (রাঃ) হতে শ্রবণ করেননি। হাফিয ইরাকী "তাখরীজুল ইহ্‌ইয়া" গ্রন্থে (৪/২০৪) এদিকেই ইঙ্গিত করেছেন।

যাহাবী মুসাইয়্যাব ইবনু ওয়াযিহ-এর জীবনী আলোচনা করতে গিয়ে বলেনঃ এ হাদীসটি মুনকার। ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/১১৫,১১৬) বলেনঃ আমি আমার পিতাকে সেই হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম যেটি মুসাইয়্যাব ইবনু ওয়াযিহ ইউসুফ ইবনু আসবাত হতে বর্ণনা করেছেন। তিনি উত্তরে বলেনঃ এ হাদীসটি বাতিল, এ সনদে এর কোন ভিত্তি নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5435

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন